

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ৫, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ২১ অগ্রহায়ণ ১৪১৪/৫ ডিসেম্বর ২০০৭

এস, আর, ও নং ২৮৫-আইন/২০০৭।—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ (মিঃ ভিটা)-কে উহার অন্তর্ভুক্তি ব্যবস্থাপনা কমিটির মেয়াদ সম্পর্কিত বিষয়ে উক্ত আইনের ধারা ১৮ এর উপ-ধারা (৫), (৬) ও (৭) এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

শর্ত

উক্ত সমিতির নির্বাচন বিষয়ে বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহে প্রদত্ত নির্বাচন অনুষ্ঠানের উপর স্থগিতাদেশ প্রত্যাহার অথবা মামলাসমূহ চূড়ান্তভাবে নিষ্পত্তি হইবার পর হইতে ৯০ (নব্বই) দিনের মধ্যে নির্বাচন সম্পন্ন করিয়া অনুষ্ঠিতব্য নির্বাচনে নির্বাচিত নতুন কমিটির কাছে দায়িত্ব হস্তান্তর করিতে হইবে।

২। ইহা ২৩ মে, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

৩। এই বিভাগের ৫ জুন, ২০০৭/২২ জ্যৈষ্ঠ, ১৪১৪ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ৯৯-আইন/২০০৭ এতদ্বারা বাতিল করা হইল এবং বাতিলকৃত প্রজ্ঞাপনের আওতায় সম্পাদিত সকল কার্যাদি এই প্রজ্ঞাপনের অধীনে সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রষ্ট্রপতির আদেশক্রমে

সাহিন আহমেদ চৌধুরী

উপ-সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৮৬২৭)

মূল্য : টাকা ২.০০